গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
এপিএ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরে এপিএ'র ৩য় সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোস্তফা কামাল মজুমদার<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম প্রধান |
| সভার তারিখ | ২৭ ডিসেম্বর ২০২৩ খ্রি. |
| সভার সময় | সকাল ১০:০০ টা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ ও জুম প্লাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সরকারি অফিসমূহে প্রবর্তিত কর্মসম্পাদন ব্যবস্থাপনাকে [বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)] ফলপ্রসূ এবং সরকারি কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও কর্মকৃতি (Performance) নিশ্চিত করার লক্ষ্যে এপিএ কে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানানো হয়।

০২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের উপসচিব (বাজেট ও এপিএ) এবং এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ এ "এপিএ টিম অর্থবছরের প্রতি দুই মাসে অন্তত একবার সভায় মিলিত হবে এবং সংশ্লিষ্ট কাজের অগ্রগতি পর্যালোচনা করবে ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে" মর্মে নির্দেশনা রয়েছে। সে পরিপ্রেক্ষিতে ১৬-০৮-২০২৩ তারিখে ১ম ও ১০-১০-২০২৩ তারিখে এপিএ টিমের ২য় সভা অনুষ্ঠিত হয়েছে। এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা এপিএ'র কার্যক্রমসমূহের প্রতিটি কর্মসম্পাদন সূচকের বিপরীতে লক্ষ্যমাত্রা ও অর্জন পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। সভায় বর্তমান ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'র বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

০৩। ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'র সকল কার্যক্রমের কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রমাণকসমূহ সরবরাহের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

০৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) এপিএ'র ১ম ত্রৈমাসিক অর্জন প্রতিবেদন (যথাযথ প্রমাণকসহ) নির্ধারিত সময়ের মধ্যে এপিএএমএস সফটওয়্যারে দাখিলপূর্বক ত্রৈমাসিক অর্জন প্রতিবেদন স্ব-স্ব দপ্তর/সংস্থার ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং এ মন্ত্রণালয়ের এপিএ শাখায় প্রেরণ করতে হবে;
(খ) যুবদের জন্য প্রশিক্ষণ কোর্স পরিচালনা, ঋণ সহায়তা প্রদান ও কর্মসংস্থান সৃষ্টিসহ যে সকল কার্যক্রমের অর্জনে স্ব-পক্ষে এপিএ'র প্রমাণক হিসাবে যুবদের নাম, ঠিকানা, মোবাইল নম্বরসহ বিস্তারিত তথ্য সম্বলিত জেলা ভিত্তিক তালিকা চাওয়া হয়েছে। ঐ সকল ক্ষেত্রে উক্ত তথ্যাদি সফটওয়্যারে এন্ট্রিসহ মাঠ পর্যায়ের স্ব-স্ব কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশপূর্বক সামারি শীট মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

(গ) ক্রীড়ার বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ ও ক্রীড়া সামগ্রী বিতরণসহ যে সকল কার্যক্রমের অর্জনে স্ব-পক্ষে এপিএ'র প্রমাণক হিসাবে সংশ্লিষ্টদের নাম, ঠিকানা, মোবাইল নম্বরসহ বিস্তারিত তথ্য সম্বলিত জেলা ভিত্তিক তালিকা চাওয়া হয়েছে। ঐ সকল ক্ষেত্রে উক্ত তথ্যাদি দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের স্ব-স্ব কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশপূর্বক সামারি শীট মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

(ঘ) যে সকল কার্যক্রমের অর্জনের স্ব-পক্ষে প্রমাণকসমূহ বিস্তারিত হওয়ায় এপিএএমএস সফটওয়্যারে দাখিল করা সম্ভব হবে না সে সকল অর্জনের ক্ষেত্রে সামারি শীট তৈরি করে সফটওয়্যারে দাখিল করতে হবে এবং বিস্তারিত তথ্যাদি স্ব-স্ব দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয়ের ওয়েবসাইটে আবশ্যিকভাবে প্রকাশ করতে হবে; এবং

(ঙ) এপিএ'র যে সকল কার্যক্রমের লক্ষমাত্রা এখনও অর্জিত হয়নি সে সকল লক্ষ্যমাত্রা অর্জনে জরুরিভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করতে হবে।

০৫। সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোস্তফা কামাল মজুমদার
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম প্রধান

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৫২.২২.০০১.২৩.২

তারিখ: ১৭ পৌষ ১৪৩০
০১ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা
২) মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
৩) অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
৪) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা
৫) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা
৬) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
৭) যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
৮) মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা
৯) উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা
১১) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১৩) সিস্টেম এনালিস্ট, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

উম্মে ইসরাত
উপসচিব